যুগান্তর

তারিখ 27 OCT 20..
পৃষ্ঠা 2 কলাম 9

# শিবিরকর্মীদের গণধোলাইয়ের নির্দেশ ছাত্রলীগ সভাপতির

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

যেখানেই জামায়াত-শিবিরের কর্মী দেখা যাবে সেখানেই তাদের গণধোলাই দেয়ার নির্দেশ দিয়েছেন ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ। শুক্রবার সোহরাওয়ার্দী উদ্যানে বিরোধীদলীয় নেতা খালেদা জিয়া শিবির সভাপতি দেলোয়ার হোসেনের মুক্তির যে দাবি জানিয়েছেন তার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ আয়োজিত এক বিক্ষোভ মিছিল ও সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ নির্দেশ দেন। শনিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরির সামনে এ সমাবেশের আয়োজন করা হয়। তিনি বলেন, শিবিরের সেক্রেটারি আবদুল জব্বার বলেছেন, তিনি দেশকে অচল করে দেবেন। আমি সুস্পষ্টভাবে বলে দিতে চাই, জঙ্গিগোষ্ঠী শিবিরের যে কোনো ধরনের সহিংসতা রোধ করতে বাংলাদেশ ছাত্রলীগ সবসময় প্রস্তুত আছে। ছাত্রদলকে উদ্দেশ্য করে তিনি বলেন, কোনো ধরনের অস্ত্রসহ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রবেশ করতে দেয়া হবে না। তিনি বলেন, দেশের বেশিরভাগ বিশ্ববিদ্যালয়ে এখন ছাত্রদলকে মাইক্রোস্কোপ দিয়ে খুঁজেও পাওয়া যায় না। কিছুদিন পর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেও তাদের খুঁজে পাওয়া যাবে না। তখন শিবির হবে আমাদের প্রতিপক্ষ। এছাড়া আজ সকাল সাড়ে ১০টায় সব বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংগ্রাম পরিষদের ব্যানারে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করারও ঘোষণা দেন বদিউজ্জামান সোহাগ। ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি মেহেদী হাসান মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্রলীগের কেন্দ্রীয় সহসভাপতি ইমাউল হক সরকার টিটু, যুগ্ম সাধারণ সম্পাদক আবদুর রহমান জীবনসহ কেন্দ্রীয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নেতারা। অনুষ্ঠান পরিচালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক ওমর শরীফ।